



বিষ্ণুপুর মেলা ও উৎসব কমিটি  
মহকুমা শাসকের করণ, বিষ্ণুপুর, জেলা-বাঁকুড়া, পিন-৭২২১২২  
e-mail :- sdobsp@gmail.com  
Notification No.- 2245-TW/2P-18/2007 dt.-11/12/2018  
ফোন / ফ্যাক্স নং- ০৩২৪৪-২৫২০৫৫/২৫৪৩১৩/২৫৬২৫৫

EXPERIENCE  
**Bengal**  
THE SWEETEST PART OF INDIA



স্মারক নং- ২৪২ (২৫০) / বি.এম.-৪৫

তারিখ- ২০ / ১২ / ২০১৯

To  
The Principal  
Patrasayer Mahavidyalaya,  
Patrasayer, Dist.-Bankura.



**বিষয় :- ৩২-তম বিষ্ণুপুর মেলা-২০১৯**

মাননীয় মহাশয়,

সবিনয় নিবেদন এই যে, বাঁকুড়া জেলার অর্থনৈতিক উন্নয়নের লক্ষ্যে পর্যটন, হস্তশিল্প ও সংস্কৃতির বিকাশ, বিপণন সামগ্রীর প্রদর্শন ও প্রচার তথা এক সামাজিক মিলন ক্ষেত্র হিসাবে ব্যবহার করার উদ্দেশ্যে ১৯৮৮ সালে “বিষ্ণুপুর মেলার” সূচনা হয়। বিষ্ণুপুর মেলা পশ্চিমবঙ্গ সরকারের অর্থ, পর্যটন, তথ্য ও সংস্কৃতি বিভাগের তালিকা ভুক্ত অন্যতম একটি মেলা। সেই পরম্পরাকে অক্ষুণ্ন রেখে ১৯৮৮ সাল থেকে প্রতিবছর ২৩-২৭ ডিসেম্বর মন্দির নগরী বিষ্ণুপুরে “বিষ্ণুপুর মেলা” অনুষ্ঠিত হয়ে আসছে।

এবারেও ৩২ তম বিষ্ণুপুর মেলা-২০১৯ চিরাচরিত প্রথা অনুসারে আগামী ২৩-২৭ ডিসেম্বর অনুষ্ঠিত হবে। এবারের মেলায় বাংলার লোকশিল্প, আদিবাসী সংস্কৃতি এবং রাজ্য সরকারের উন্নয়ন কর্মধারা তুলে ধরার উদ্যোগ গ্রহণ করা হয়েছে।

ঐতিহ্যের পরম্পরায় ৩২-তম বিষ্ণুপুর মেলার বর্ণাঢ্য পদযাত্রা ইং-২৩/১২/২০১৯ তারিখ দুপুর ০২.০০ টায়, বিষ্ণুপুর বি.এস.এস.এ. ময়দান হতে শুভ সূচনা হবে।

বিষ্ণুপুর মেলার উদ্বোধন অনুষ্ঠান শুরু হবে ২৩/১২/২০১৯ তারিখ (সোমবার) বেলা- ৩.০০ টায় মেলা প্রাঙ্গণের যদুভট্ট মঞ্চে।

জীবন, শিল্প, সুরের এই ৩২তম বিষ্ণুপুর মেলায় আপনার উজ্জ্বল উপস্থিতিতে আলোকিত করে তোলার বিনীত আমন্ত্রণ জানাই।

নমস্কারান্তে,



ভবদীয়,

(ডা: উমাশংকর এস., আই.এ.এস.)

জেলা শাসক, বাঁকুড়া ও

কার্যকরী সভাপতি, বিষ্ণুপুর মেলা ও উৎসব কমিটি

জেলা- বাঁকুড়া ১৯.১২.১৯